**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 10-02-2026** **Desk in Charge : Kalyan Laha**
**Time : 7-50 PM** **Compiling : Priya B.**
**DEO: KB** **NRT : Priya B.**
**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

**<u>বিশেষ বিশেষ খবর –</u>**

১/ রাজ্যে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে ২৮ শে ফেব্রুয়ারি।

২/ SIR প্রক্রিয়ার শুনানি, দাবি ও আপত্তি-নিষ্পত্তির সময়সীমা নিয়ে সুপ্রিম কোর্টের নির্দেশ যথাযথভাবে মেনে চলতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর, জেলাগুলিকে নির্দেশ দিয়েছে।

৩/ নির্বাচন সংক্রান্ত কাজে যুক্ত থাকা আধিকারিকদের 'বাধ্যতামূলক বদলি ও পোস্টিং' নীতি দ্রুত কার্যকর করে তার পূর্ণাঙ্গ রিপোর্ট ২৮ শে ফেব্রুয়ারির মধ্যে পাঠাতে নির্দেশিকা জারি করেছে নির্বাচন কমিশন।

৪/ মাইক্রো অবসার্ভার নিয়োগ নিয়ে রাজ্য সরকার সুপ্রিম কোর্টের রায়ের অবমাননা করেছে বলে বিজেপির অভিযোগ।

৫/ স্বাস্থ্য পরিষেবার ওপর নজরদারি বাড়াতে, একটি সুসংহত কন্ট্রোল রুম তৈরি করেছে রাজ্য সরকার।

৬/ RG KAR মেডিকেল কলেজ হাসপাতালে আর্থিক দুর্নীতির মামলায় প্রাক্তন ডেপুটি সুপার আক্তার আলির ১৭ই ফেব্রুয়ারি পর্যন্ত CBI হেফাজত হয়েছে।

*******************************************************************

রাজ্যে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে ২৮ শে ফেব্রুয়ারি। সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার নতুন সময়সূচি প্রকাশ করেছে নির্বাচন কমিশন। সেখানে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের দিন ১৪'ই ফেব্রুয়ারীর পরিবর্তে দু'সপ্তাহ পিছিয়ে দেওয়া হয়েছে। এছাড়াও, SIR সংক্রান্ত শুনানির কাজ চলবে আগামী ১৪ ফেব্রুয়ারি পর্যন্ত। তার পরবর্তী ধাপে নথিপত্র যাচাই ও অভিযোগ নিষ্পত্তির কাজ শেষ করতে হবে ২১শে ফেব্রুয়ারির মধ্যে। ২৫শে ফেব্রুয়ারির মধ্যে ভোটগ্রহণ কেন্দ্রগুলির পুনর্বিন্যাসের কাজ সম্পন্ন করতে হবে। প্রযুক্তিগত ও প্রশাসনিক খুঁটিনাটি যাচাই করা হবে ২৭শে ফেব্রুয়ারির মধ্যে।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিরূপ )

সব প্রক্রিয়া শেষ করে ২৮শে ফেব্রুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের দিন ধার্য করেছে নির্বাচন কমিশন।

*********************

রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন- SIR প্রক্রিয়ার শুনানি, দাবি ও আপত্তি-নিষ্পত্তির সময়সীমা নিয়ে সুপ্রিম কোর্টের নির্দেশ যথাযথভাবে মেনে চলতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর, জেলাগুলিকে নির্দেশ দিয়েছে।

সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী, নোটিস পাঠানো, দাবি ও আপত্তি নিষ্পত্তির প্রক্রিয়া ১৪'ই ফেব্রুয়ারির পর অন্তত আরও এক সপ্তাহ চালিয়ে যেতে হবে। এই সময়ের মধ্যে নথি যাচাই করে উপযুক্ত সিদ্ধান্ত নিতে হবে ERO এবং AERO-দের। প্রয়োজনে ব্যক্তিগত শুনানির ব্যবস্থাও রাখা যেতে পারে বলে ওই নির্দেশিকায় জানানো হয়েছে। যাঁদের কাছে নোটিস পৌঁছেছে, তাঁরা নির্বাচন কমিশন নির্দেশিত যে কোনও বৈধ নথি জমা দিতে পারেন। আদালতের ১৯ জানুয়ারির নির্দেশে উল্লেখিত নথিগুলিও গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে। ব্যক্তিগত শুনানিতে হাজির না হলেও, উপযুক্ত কর্তৃপক্ষের জারি করা নথি পরীক্ষা করে ERO–দের তা' গ্রহণ করতে হবে।

সুপ্রিম কোর্টের ধার্য করা সময়সীমা কঠোরভাবে মানা না হলে সংশ্লিষ্ট আধিকারিকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হতে পারে বলে স্পষ্টভাবে জানানো হয়েছে।

*********************

বিধানসভা নির্বাচনের আগে ভোট সংক্রান্ত কাজে যুক্ত থাকা আধিকারিকদের 'বাধ্যতামূলক বদলি ও পোস্টিং' নীতি দ্রুত কার্যকর করতে কঠোর নির্দেশিকা জারি করেছে নির্বাচন কমিশন। নির্বাচনের সঙ্গে সরাসরি যুক্ত কোনও আধিকারিক, গত চার বছরের মধ্যে তিন বছর, নিজের অথবা অন্য জেলায় কর্মরত থাকলে তাঁকে অন্যত্র বদলী করতে হবে।

নির্দেশিকায় আরও বলা হয়েছে, যেসব আধিকারিকের বিরুদ্ধে নির্বাচনী কাজে গাফিলতির অভিযোগ রয়েছে বা যাঁদের বিরুদ্ধে মামলা বিচারাধীন, তাঁদের কোনওভাবেই ভোটের দায়িত্বে রাখা যাবে না। একইসঙ্গে, নির্বাচনের সঙ্গে যুক্ত প্রত্যেক আধিকারিককে ঘোষণা করতে হবে, তিনি কোনও প্রার্থী বা রাজনৈতিক নেতার নিকট আত্মীয় নন এবং তাঁর বিরুদ্ধে কোনও ফৌজদারি মামলা বিচারাধীন নেই।

এই নীতি জেলা স্তরের প্রশাসনিক আধিকারিকদের পাশাপাশি পুলিশ আধিকারিক, নির্বাচন দায়িত্বপ্রাপ্ত বিভিন্ন স্তরের আধিকারিক, এমনকি আবগারি দপ্তরের নির্দিষ্ট পদমর্যাদার আধিকারিকদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

বদলি সংক্রান্ত নির্দেশ কার্যকর করে তার পূর্ণাঙ্গ রিপোর্ট আগামী ২৮ ফেব্রুয়ারির মধ্যে কমিশনের কাছে পাঠাতে হবে।

উল্লেখ্য, আসাম, কেরল, তামিলনাড়ু, পশ্চিমবঙ্গ ও পুদুচেরির বর্তমান বিধানসভাগুলির মেয়াদ আগামী মে–জুন মাসের মধ্যে শেষ হচ্ছে।

*********************

মাইক্রো অবসার্ভার নিয়োগ নিয়ে রাজ্য সরকার সুপ্রিম কোর্টের রায়ের অবমাননা করেছে বলে বিজেপি অভিযোগ করেছে। পূর্ব মেদিনীপুরের তমলুকে আজ বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সাংবাদিকদের

মুখোমুখি হয়ে বলেন, সর্বোচ্চ আদালতে রাজ্যের জমা দেওয়া সাড়ে আট হাজার  গ্রুপ-বি আধিকারিকদের নামের তালিকা ত্রুটিপূর্ণ। সেখানে গ্রুপ-সি ও পঞ্চায়েত কর্মীদের নাম রয়েছে বলে তাঁর অভিযোগ।

( বাইট- শুভেন্দু )

শুভেন্দু আরো বলেন, ERO ও AERO-রা আইপ্যাকের কথায় কাজ করলে, তাঁদের বিরুদ্ধে তিনি আদালতের দ্বারস্থ হবেন।

*********************

রাজ্য সরকারের অন্তর্বর্তী বাজেটে ঘোষিত বাংলার যুবসাথী প্রকল্প ১৫ই আগস্টের পরিবর্তে পয়লা এপ্রিল থেকে কার্যকর হচ্ছে। নবান্নে আজ এক সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানান, ২১ থেকে ৪০ বছর বয়সী মাধ্যমিক উত্তীর্ণ বেকার যুবক-যুবতীদের এপ্রিল মাস থেকেই, পাঁচ বছরের জন্য প্রতি মাসে দেড় হাজার টাকা করে ভাতা দেওয়া হবে।

যুবসাথী প্রকল্পের আবেদনপত্র গ্রহণের জন্য  আগামী ১৫ থেকে ২৬শে ফেব্রুয়ারি ছুটির দিন বাদে রাজ্যের ২৯৪টি বিধানসভা কেন্দ্রে শিবিরের আয়োজন করা হবে। জমা পড়া আবেদনপত্র খতিয়ে দেখে যোগ্য প্রাপকদের প্রকল্পের অর্থ প্রদান করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান।

এছাড়াও একই সময় থেকে কৃষক বন্ধু প্রকল্পে ভূমিহীন ক্ষেতমজুরদের বছরে দুবার, ২০০০ টাকা করে দেওয়া হবে বলে তিনি জানিয়েছেন।

উল্লেখ্য, গত ৫ তারিখ বিধানসভায় অন্তর্বর্তী বাজেটে বাংলার যুবসাথী প্রকল্পের কথা ঘোষণা করেন অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য।

*********************

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে এবারের বিষয়- প্রগতি। আজ শুনবেন বিশেষ আলোচনা “সুস্থ ভারত গড়ে তুলতে হর ঘর জল কর্মসূচি"। ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট কলকাতার অবসরপ্রাপ্ত অধ্যাপক প্রফেসর সুজয়া বসুর সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*********************

আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে আর্থিক দুর্নীতির মামলায় প্রাক্তন ডেপুটি সুপার আক্তার আলির ১৭ই ফেব্রুয়ারি পর্যন্ত CBI হেফাজত হয়েছে। আলিপুরে বিশেষ CBI আদালতে আজই আত্মসমর্পণ করে অসুস্থতার জন্য জামিনের আবেদন জানিয়েছিলেন তিনি।

উল্লেখ্য, RG Kar-এর প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বিরুদ্ধে সর্ব প্রথম আর্থিক দুর্নীতির অভিযোগে সরব হয়েছিলেন আক্তার আলি। পরে CBI চার্জশিটে তাঁর নাম আসায় কলকাতা হাইকোর্ট তিনি আগাম জামিনের আবেদন জানালেও, তা' খারিজ হয়ে যায়।

গত শুক্রবার আলিপুর আদালত তাঁর বিরুদ্ধে জামিন-অযোগ্য ধারায় গ্রেফতারি পরোয়ানা জারির নির্দেশ দেয়।

********************

নতুন বেতন কাঠামো তৈরী এবং স্থায়ীকরণের দাবিতে পার্শ্ব শিক্ষকের বিকাশ ভবন অভিযানকে কেন্দ্র করে আজ উত্তেজনা ছড়ায়। বিকাশ ভবনের সামনে

বিক্ষোভ মিছিল ও অবস্থান কর্মসূচিতে বসেন তাঁরা। রাজ্য সরকার অন্তর্বর্তী বাজেটে প্রাথমিক এবং উচ্চ প্রাথমিকে শিক্ষকদের বেতন এক হাজার টাকা করে বাড়ায়। যদিও তারা সেটি প্রত্যাখ্যান করছেন বলে আন্দোলনকারীরা জানিয়েছেন।

এদিকে, ১২ মাসের মজুরী ও উৎসব বোনাসের দাবীতে মিড ডে মিল কর্মীরা আজ শিয়ালদায় মিছিল করেন। মৌলালি মোড়ে অবরোধ করে বিক্ষোভ দেখান তাঁরা। অবিলম্বে ভাতা বৃদ্ধি করা না হলে তাঁরা কর্মবিরতির পথে হাঁটতে বাধ্য হবেন বলে হুঁশিয়ারি দিয়েছেন।

********************

কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল আগামীকাল থেকে ১৩ ফেব্রুয়ারী পর্যন্ত হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্চে বিচারপ্রক্রিয়ায় অংশ নেবেন। এই প্রথম কলকাতা হাইকোর্টের কোনো প্রধান বিচারপতি জলপাইগুড়ি সার্কিট বেঞ্চে বিচার প্রক্রিয়ায় উপস্থিত থাকবেন।

********************

রাজনৈতিক পরামর্শদাতা সংস্থা আই-প্যাক কর্ণধার প্রতীক জৈনের বাড়ি ও অফিসে ইডি-র তল্লাশির সময় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির বিরুদ্ধে তদন্তে বাধা এবং নথি কেড়ে নেওয়ার অভিযোগে সুপ্রিম কোর্টে দায়ের হওয়া মামলার শুনানি ফের পিছিয়ে গেছে। বিচারপতি প্রশান্ত কুমার মিশ্রা এবং বিচারপতি সন্দীপ মেহেতার বেঞ্চে আগামী ১৮ ফেব্রুয়ারি এই মামলার শুনানি হবে। আইনজীবী কপিল সিব্বল অসুস্থ থাকাতেই আদালতের এই সিদ্ধান্ত।

********************

**উত্তর ২৪ পরগণার** বসিরহাটের বাদুড়িয়া লালকুঠি এলাকা থেকে এক বাংলাদেশী যুবককে পুলিশ গ্রেপ্তার করেছে। ধৃত ভবতোষ বিশ্বাস, বাংলাদেশের গোপালগঞ্জ কাঁঠালি পাড়া এলাকার বাসিন্দা। তাকে আজ বসিরহাট আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেওয়া হয়।

********************

বাংলা, রঞ্জি ট্রফি ক্রিকেটের সেমিফাইনালে উঠেছে। কল্যাণীতে পাঁচদিনের কোয়ার্টার ফাইনালের আজ শেষ দিনে বাংলা ইনিংস ও ৯০ রানে অন্ধ্রপ্রদেশকে পরাজিত করেছে।

এদিন তিন উইকেটে ৬৪ রান নিয়ে অন্ধ্রপ্রদেশ দ্বিতীয় ইনিংস শুরু করে ২৪৪ রানে অল আউট হয়ে যায়। নীতীশ রেডী ৯০ রান করেন। বাংলার শাহাবাজ আমেদ চারটি, সুরজ সিন্ধু জয়সোয়াল দুটি, আকাশদীপ, সুমন্ত গুপ্ত, অনুস্টুপ মজুমদার একটি করে উইকেট নিয়েছেন।

*************************************************************